

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩২২

আগরতলা, ২৪ এপ্রিল, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সামাজিক  
ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গতকাল জিলা পরিষদের সামাজিক ন্যায় ও বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীলের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা আধিকারিক জানান, ২০২৪-২৫ অর্থবছরে পশ্চিম জেলার ৩৮৯৫ জন প্রসূতি মাকে প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনায় ২টি কিসিতে ৫ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী মাত্র পুষ্টি উপহার যোজনায় ৮৬৮৮ জন গর্তবতী মাকে ২ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এছাড়া জেলার ৮৭ হাজার ৮৬৭ জন বিভিন্ন সমাজিক ভাতা পাচ্ছেন।

জেলা ওয়েলফেয়ার অফিসার সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে তপশিলিজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে ৬ শতাংশ সুদে জেলার ২২ জনকে বিভিন্ন স্বনির্ভর প্রকল্পে ৪১ লক্ষ ৬৩ হাজার টাকা খণ্ড দেওয়া হয়েছে। ১৩ জন সাফাই কর্মীকেও ন্যূনতম সুদে ২৪ লক্ষ ২৩ হাজার টাকা এবং ১৫ জন তপশিলিজাতির দিব্যাঙ্গজনকে ৫৪ লক্ষ ১৩ হাজার টাকা ন্যূনতম সুদে খণ্ড দেওয়া হয়েছে। ত্রিপুরা মহিলা কমিশনের প্রতিনিধি সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে রাজ্যের ৩২৭টি মহিলা সংক্রান্ত মামলা কাউন্সিলিং এর জন্য মহিলা কমিশনে পাঠানো হয়েছিল। এর মধ্যে ১০২ টি মামলা আলোচনার মাধ্যমে মিমাংসা করা হয়েছে। রামকৃষ্ণ মিশনের (বিবেকনগর) প্রতিনিধিও সভায় বিভিন্ন সামাজিক বিষয় নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*